

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
জাতীয় মহিলা সংস্থা  
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটলাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মকসুরা নূর, নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।

সভার তারিখ : ২৬/০৮/২০২১ ইং।

সময় : বেলা ৩.০০ ঘটিকা।

স্থান : জাতীয় মহিলা সংস্থার ৫ম তলায় অবস্থিত সভা কক্ষ।

উপস্থিতি : ১। জনাব তাহসিনা বেগম, উপপরিচালক (প্রশাসন এবং হিসাব ও অর্থ), জাতীয় মহিলা সংস্থা।

২। জনাব মোহাম্মদ আলী চৌধুরী, সহ: পরি: (হিসাব ও অর্থ), জাতীয় মহিলা সংস্থা।

৩। জনাব এ.কে. এম ইয়াহিয়া, সহ: পরি: (প্রশাসন), জাতীয় মহিলা সংস্থা।

৪। জনাব লায়লা আরজুমান বানু, সহ: পরি: (প্রকল্প), জাতীয় মহিলা সংস্থা।

৫। শ্রী বিনয় কুমার রায়, প্রশিক্ষক কম্পিউটার, সংযুক্ত জাতীয় মহিলা সংস্থা।

৬। জনাব মাছুমা বেগম, মূল্যায়ন কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।

জাতীয় মহিলা সংস্থার ইনোভেশন টিমের সভাপতি সংস্থার পরিচালক জনাব জি. এম. রফিকুল ইসলাম অসুস্থতাজনিত কারণে অনুপস্থিত থাকায় সংস্থার নির্বাহী পরিচালক জনাব মকসুরা নূর এর সভাপতিত্বে সভাটি অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে মূল্যায়ন কর্মকর্তা, জনাব মাছুমা বেগম (ইনোভেশন টিমের সদস্য সচিব) সভার কার্যপত্র অনুযায়ী ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটলাইজকৃত সেবা উপস্থাপন করেন।

২। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :


আলোচ্য বিষয়	বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত
১। জাতীয় মহিলা সংস্থার ছাদ বাগান	<p>১৪৫ নিউ বেইলী রোডে জাতীয় মহিলা সংস্থার প্রধান কার্যালয় কমপ্লেক্স ভবনের ছাদে গত ২০১৮-১৯ অর্থ বছরে সংস্থার প্রয়াত চেয়ারম্যান অধ্যাপক মমতাজ বেগম এ্যাডভোকেট এর উদ্যোগে বিভিন্ন ফলজ, গুঁষধী ও সবজি বিশিষ্ট দৃষ্টি নন্দন একটি ছাদ বাগান বাস্তবায়িত হয়েছে।</p> <p>সংস্থা পরিচালিত শহীদ আইডি রহমান কর্মজীবী মহিলা হোস্টেলের রান্নার কাজে ব্যবহৃত বিভিন্ন শজির উচ্ছিষ্ট দিয়ে সম্পূর্ণ প্রাকৃতিকভাবে সার তৈরী করে উক্ত ছাদ বাগানে গাছের পরিচর্যা করা হয়।</p> <p>এ বিষয়ে সংস্থার নির্বাহী পরিচালক মহোদয় বলেন উক্ত ছাদ বাগানটি যেন বিলিন হয়ে না যায় সেদিকে খেয়াল রাখতে হবে এবং বাগানের সঠিক পরিচর্যার জন্য সংস্থা হতে একজন মালিকে আউটসোর্সিং এর মাধ্যমে দায়িত্ব প্রদানের জন্য মত পোষণ করেন।</p>	<p>সিদ্ধান্ত : ছাদ বাগানটি যেন বিলিন হয়ে না যায় সেদিকে খেয়াল রাখতে হবে এবং বাগানের সঠিক পরিচর্যার জন্য সংস্থা হতে একজন মালিকে আউটসোর্সিং এর মাধ্যমে দায়িত্ব প্রদানের করতে হবে।</p> <p>বাস্তবায়নে : পরিচালক ও উপপরিচালক (প্রকল্প ও প্রকাশনা), জামস।</p>

আলোচ্য বিষয়	বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত
<p>২। প্রশিক্ষণ ভাতা প্রদান প্রক্রিয়া সহজীকরণ।</p>	<p>জাতীয় মহিলা সংস্থার ৬৪ জেলা এবং ৫০ উপজেলায় বর্তমানে সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ ট্রেড চালু রয়েছে। উক্ত ট্রেডে প্রশিক্ষার্থীদের ফ্রি প্রশিক্ষণ প্রদানসহ ১০০/- হারে ভাতা প্রদান করা হয়। ভাতার অর্থ সংস্থার জেলা ও উপজেলায় বেতন-ভাতা বাজেটের সাথে জেলা ও উপজেলায় প্রদান করা হয়। এতে ভাতা প্রাপ্তিতে অনিয়ম, সময়ক্ষেপনের অভিযোগ পাওয়া যায়।</p> <p>এসকল দুর্ভোগ উপশমের লক্ষ্যে গত ২০১৯-২০ অর্থ বছরে সেবা সহজিকরণের আওতায় উক্ত অর্থ জেলা ও উপজেলার তত্ত্বাবধানে প্রশিক্ষার্থীদের প্রদান না করে প্রশিক্ষার্থীদের নামে সরাসরি একাউন্টের/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদানের জন্য সহকারী পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক(হিসাব ও অর্থ) ধারণা প্রদান করেন।</p> <p>কার্যক্রমটি বাস্তবায়নের লক্ষ্যে ১ বছরের জন্য পাইলটিং হিসেবে সংস্থার ১০টি জেলা (ঢাকা, রাজশাহী, লক্ষীপুর, চট্টগ্রাম, ভোলা, পটুয়াখালী, গোপালগঞ্জ, টাঙ্গাইল, ব্রাহ্মণবাড়ীয়া ও পঞ্চগড়) এবং ১০টি উপজেলায় (খামরাই, মাটিরাঙ্গা, ভেড়ামারা, নলছিটি, শিবচর, মুক্তাগাছা, দেবিদ্বার, নন্দিগ্রাম, মনিরামপুর ও গৌরনদী) বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়।</p> <p>এলক্ষ্যে রূপালী ব্যাংক লিমিটেড এর আওতায় শিওর ক্যাশ এর মাধ্যমে ০১/০৪/২০২০ হতে ৩১/০৩/২০২১ বাস্তবায়নের জন্য গত ২৩/০৩/২০২০ এ একটি সমঝোতা স্বাক্ষরিত হয়।</p> <p>কিন্তু কভিড -১৯ পরিস্থিতির কারণে সারাদেশে প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ থাকায় উক্ত কার্যক্রমটি সময়মত বাস্তবায়ন করা সম্ভব হয়নি। এর পরও গত নভেম্বর/২০ হতে প্রশিক্ষণ কার্যক্রম চালু হওয়ার পর (নভেম্বর/২০ হতে ফেব্রুয়ারী/২০২১ পর্যন্ত) ১টি ব্যাচের মোট ৬০০ জন প্রশিক্ষার্থীদের মধ্যে ৪৮,৩৩,২০০/- (আটচল্লিশ লক্ষ তেত্রিশ হাজার দুইশত) টাকা বিতরণ করা হয়েছে।</p> <p>উদ্যোগটি সময়ানুযায়ী বাস্তবায়নের জন্য ২০২১-২২ অর্থ বছরের নতুন উদ্যোগ হিসেবে গ্রহণের পরিকল্পনা রয়েছে।</p>	<p>সিদ্ধান্ত : ২০২১-২২ অর্থ বছরে সেবা সহজিকরণের আওতায় সংস্থার ৬৪টি জেলা এবং ৫০ উপজেলায় প্রশিক্ষার্থীদের ভাতার অর্থ জেলা ও উপজেলার তত্ত্বাবধানে প্রশিক্ষার্থীদের প্রদান না করে প্রশিক্ষার্থীদের নামে সরাসরি একাউন্টের/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদানের জন্য নতুন উদ্যোগ হিসেবে গ্রহণ করতে হবে এবং তা সময়মত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>বাস্তবায়নে : ১। উপপরিচালক (প্রশাসন এবং হিসাব ও অর্থ)। ২। সহকারী পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক(হিসাব ও অর্থ)।</p>



আলোচ্য বিষয়	বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত
<p>৩। জাতীয় মহিলা সংস্থা পরিচালিত শহীদ আইডি রহমান কর্মজীবী মহিলা হোস্টেলের সীট বরাদ্দসহ হোস্টেল ম্যানেজমেন্ট সিস্টেম অনলাইনে বাস্তবায়ন।</p>	<p>দেশের মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্ত কর্মজীবী মহিলাদের আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে সংস্থার প্রধান কার্যালয়, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকায় ২০০ শয্যা বিশিষ্ট একটি কর্মজীবী মহিলা হোস্টেল চালু করা হয়। ২০১০ সালে সংস্থার প্রাক্তন চেয়ারম্যান শহীদ আইডি রহমান এর স্মরণে হোস্টেলটির নামকরণ করা হয়- “শহীদ আইডি রহমান কর্মজীবী মহিলা হোস্টেল” রাজধানীর কেন্দ্রস্থলে মনোরম পরিবেশে অবস্থিত এই আবাসিক হোস্টেলটি কর্মজীবী মহিলাদের সুলভে এবং নিরাপদে বসবাসের সুযোগ দানের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।</p> <p>উক্ত হোস্টেলে সীট বরাদ্দের জন্য আবেদন ফরম সংগ্রহ, ফরম পূরণ করে অফিসে জমা দেয়া, সীট বরাদ্দের পূর্বে সাক্ষাৎকার প্রদান, চূড়ান্ত ভর্তির জন্য আসা-ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করতে একজন বোর্ডারকে ৫-৬ বার ভিজিট করতে হয়। ফলে সেবা গ্রহীতাদের সময়, অর্থ ও শ্রম নষ্ট হতো।</p> <p>হোস্টেলের সেবা গ্রহীতাদের সেবাকে সহজিরণের লক্ষ্যে গত ২০২০-২১ ভূখণ্ড বছরের সেবা সহজিকরণ/ডিজিটাল সেবা হিসেবে সংস্থার উপপরিচালক জনাব তাহমিনা সুলতানা “শহীদ আইডি রহমান কর্মজীবী মহিলা হোস্টেলের সীট বরাদ্দসহ হোস্টেল ম্যানেজমেন্ট সিস্টেমকে অনলাইনের মাধ্যমে বাস্তবায়ন” এর উদ্যোগ গ্রহণ করেন।</p> <p>অনলাইনে আবেদনের ফলে কর্মজীবী মহিলাদের স্বশরীরে উপস্থিত না হয়ে সহজে আবেদনপত্র জমা দিতে পারবে। কর্তৃপক্ষ আবেদন যাচাই-বাছাইপূর্বক যোগ্য প্রার্থীদের এসএমএস/কল এর মাধ্যমে অবগত করা হবে। ফলে সেবা গ্রহীতাদের সময়, অর্থ ও ভিজিট কমে যাবে।</p> <p>ইতোমধ্যে হোস্টেলের সীট বরাদ্দসহ হোস্টেল ম্যানেজমেন্ট সিস্টেমকে অনলাইনের মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে হোস্টেল ম্যানেজমেন্ট সফটওয়্যার তৈরি করা হয়েছে। যার ডোমেইন নাম - <a href="http://www.jmshostel.gov.bd">www.jmshostel.gov.bd</a> এছাড়াও <a href="http://www.mygov.bd">www.mygov.bd</a> (eksheba) এর মাধ্যমে অনলাইনে ভর্তির আবেদন সাবমিট করা যাবে।</p> <p>ভর্তির পর বোর্ডার তার ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে মিল অর্ডার এবং মাসিক বিল অনলাইনে ekpay এর মাধ্যমে দিবে।</p> <p>এডমিন তার ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে সকল তথ্য মনিটরিং করতে পারবে।</p>	<p>সিদ্ধান্ত : অনলাইনে এ হোস্টেলের আবেদন গ্রহণ নিয়মিত ভিত্তিতে করতে হবে এবং ভর্তি কার্যক্রম যথাসময়ে নিষ্পন্ন করতে হবে।</p> <p>বাস্তবায়নে : হোস্টেল সুপার, শহীদ আইডি রহমান কর্মজীবী মহিলা হোস্টেল, জাতীয় মহিলা সংস্থা।</p>

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 (মাকসুরা নূর, এনডিসি)  
 নির্বাহী পরিচালক (অতিঃ সচিব)  
 জাতীয় মহিলা সংস্থা  
 ফোন: ২২২২২২৩৪১

স্মারক নং-৩২.০২.০০০০.০০৬.১৬.০১৮.১৯. ১৯


তারিখ : ৩২/৮/২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জনাব জি, এম, রফিকুল ইসলাম, পরিচালক, জাতীয় মহিলা সংস্থা
- ২। জনাব তাহমিনা সুলতানা, উপপরিচালক (প্রকল্প ও প্রকাশনা), জাতীয় মহিলা সংস্থা।
- ৩। জনাব তাহসিনা বেগম, উপপরিচালক (প্রশাসন এবং হিসাব ও অর্থ), জাতীয় মহিলা সংস্থা।
- ৪। জনাব মোহাম্মদ আলী চৌধুরী, সহ: পরি: (হিসাব ও অর্থ), জাতীয় মহিলা সংস্থা।
- ৫। জনাব এ.কে. এম ইয়াহিয়া, সহ: পরি: (প্রশাসন), জাতীয় মহিলা সংস্থা।
- ৬। জনাব লায়লা আরজুমান বানু, সহ: পরি: (প্রকল্প), জাতীয় মহিলা সংস্থা।
- ৭। জনাব ফিরোজা আহমেদ, হোস্টেল সুপার, শহীদ আইডি রহমান কর্মজীবী মহিলা হোস্টেল, জাতীয় মহিলা সংস্থা।
- ৮। জনাব মাছুমা বেগম, মূল্যায়ন কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।
- ৯। শ্রী বিনয় কুমার রায়, প্রশিক্ষক কম্পিউটার, সংযুক্ত জাতীয় মহিলা সংস্থা।

অনুলিপি :

- ১। পিএ টু নির্বাহী পরিচালক/পরিচালক/উপ পরিচালক-প্রকল্প ও প্রকাশনা/প্রশাসন এবং হিসাব ও অর্থ।
- ২। শ্রী বিনয় কুমার রায়, প্রশিক্ষক কম্পিউটার, সংযুক্ত জাতীয় মহিলা সংস্থা।  
(সংস্থার ওয়েব সাইটে ইনোভেশন কর্ণারে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
- ৩। অফিস কপি।

  
জি, এম, রফিকুল ইসলাম,  
পরিচালক (উপসচিব),  
জাতীয় মহিলা সংস্থা  
ফোন -৪৮৩১৩৮৩৩